আলমডাঙ্গার জগন্নাথপুর ট্রাক-ভ্যান মুখোমুখি সংঘর্ষ, নিহত ১

আলমডাঙ্গায় চাল ভর্তি ট্রাকের সঙ্গে ব্যাটারিচালিত ভ্যানের মুখোমুখি সংঘর্ষে কালা চাঁদ (৬২) নামে ভ্যানচালক নিহত হয়েছেন।

গতকাল শুক্রবার বেলা সাড়ে ১২ টার দিকে আলমডাঙ্গা-কুষ্টিয়া আঞ্চলিক সড়কের জগন্নাথপুর জেএস মাধ্যমিক বিদ্যালয় এলাকায় ওই দুর্ঘটনা ঘটে।

স্থানীয়রা জানায়, চাষের জন্য সার কিনে আলমডাঙ্গা থেকে ভ্যানে বাড়ি ফিরছিলেন কালা চাঁদ। এসময় জগন্নাথপুর জেএস মাধ্যমিক বিদ্যালয় এলাকায় পৌঁছালে চুয়াডাঙ্গাগামী একটি চাল ভর্তি (চুয়াডাঙ্গা ট-১১-০৯৩০) ট্রাকের সঙ্গে ভ্যানের মুখোমুখি সংঘর্ষ হয়। এতে ঘটনাস্থলেই নিহত হন ভ্যানচালক কালা চাঁদ। ঘটনার পর ট্রাকটি নিয়ে চালক পালিয়ে যায়। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছে নিহতের মরদেহ উদ্ধার করে পুলিশ।

নিহতের স্ত্রী রাজিয়া খাতুন বলেন, গতকাল শুক্রবার সকাল সাড়ে ১১ টার দিকে ধান চাষের জন্য সার কিনতে আলমডাঙ্গা শহরে যায়। ঘণ্টাখানেক পর শুনতে পাই আমার স্বামী ট্রাক চাপায় মারা গেছে।

আলমডাঙ্গা থানার পরিদর্শক (ওসি) বিপ্লব কুমার নাথ জানান, নিহতের মরদেহের সুরতহাল প্রতিবেদন তৈরি করা হয়েছে। মরদেহ ময়নাতদন্তের জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতালে পাঠানোর প্রক্রিয়া চলছে। ওই ঘটনায় আইনগত বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে।

আলমডাঙ্গায় ট্যাপেন্টাডল

ট্যাবলেটসহ আটক -১

আলমডাঙ্গা থানা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ট্যাপেন্টাডল ট্যাবলেটসহ নাঈম ইসলাম (২৫) নামের এক যুবকে আটক করেছে।

গতকাল শুক্রবার বেলা সাড়ে ১১ টার দিকে উপজেলার বাড়াদি পূূর্বপাড়ার স্কুলের সামনে থেকে তাকে আটক ও ট্যাপেন্টা উদ্ধার করে পুলিশ।

আটক নাঈম ইসলাম বাড়াদি ব্রীজপাড়ার সালাউদ্দিন আহমেদের ছেলে।

পুলিশ সুত্রে জানা গেছে,আলমডাঙ্গার বাড়াদি পূর্বপাড়ার স্কুলের সামনে ট্যাপেন্টাডল ট্যাবলেট বিক্রি হচ্ছে বলে পুলিশের কাছে সংবাদ আসে। সংবাদের ভিত্তিতে থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার নাথের নির্দেশে এসআই (নিঃ) আশিকুল হক, এএসআই (নিঃ) রওশন আলী সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন। অভিযানবালে নাঈম ইসলামকে আটক করে পুলিশ।

এ সময় তার কাছ থেকে অবৈধ মাদকদ্রব্য ৫০ পিচ ট্যাপেন্টাডল ট্যাবলেট উদ্ধার করা হয়। গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে আলমডাঙ্গা থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা হয়েছে।

আলমডাঙ্গার গোবিন্দপুরে ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণ

আলমডাঙ্গার গোবিন্দপুর জোহা মাঠে মুক্তিযোদ্ধা নূর মোহাম্মদ স্মৃতি সংঘ স্পোটিং ক্লাবের আয়োজনে মুক্তিযোদ্ধ মিনি ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার বিকেলে অনুণ্ঠিত এ ফাইনাল খেলায় গোবিন্দপুর এশিয়া স্পোটিং ক্লাব ৩-০ গোলে বেগুয়ালখাল জেএস স্পোটিং

ক্লাবকে পরাজিত করে এ টুর্নোমন্টে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছে।
খেলার প্রথমার্ধে তরুন দুটি ও দেলোয়ার একটি গোল করে দলকে এগিয়ে রাখন। দ্বিতীয়ার্ধে আর কোন গোল না হলে শেষ পর্যন্ত এশিয়া স্পোটিং ক্লাব ৩ গোলে বিজয়ী হয়।

এ খেলায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে পুরস্কার বিতরণ করেন চুয়াডাঙ্গা জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান কেন্দ্রীয় যুবলীগের সাবেক প্রেসিডিয়াম মেম্বার শেখ সামসুল আবেদীন খোকন।

পুরস্কার বিতরণকালে প্রধান অতিথির বক্তব্যে শেখ সামসুল আবেদীন খোকন বলেন,আজকে এই মাঠে যে দুটি দল খেলা করেছে,দুটি দলই ভালো খেলা উপহার দিয়েছে। যারা বিজয়ী হয়েছে তাদের ও পরাজিত হয়েছে তাদেরকেও ধন্যবাদ জানায়।

তিনি বলেন,সুস্থ জাতি গঠনে খেলাধুলার কোন বিকল্প নেই। আজকে আমাদের দেশের ছেলে মেয়েরা ভালো খেলার মাধ্যমে দেশ বিদেশে সুনাম অর্জন করে বিরল সম্মান বয়ে আনছে। তাই যারা এখানে উপস্থিত আছে সকলের উদ্দেশ্যে বলবো, লেখাপড়ার পাশাপাশি খেলাধুলায় এগিয়ে আসতে হবে। যুব সমাজকে সঠিক পথে পরিচালিত করতে হলে অবশ্যই খেলাধুলায় মনোনিবেশ করতে হবে।

বর্তমান সরকার খেলার প্রতি যথেষ্ট নজর দিয়েছে। তৃণমূল থেকে খেলোয়াড়দের তুলে আনতেনিয়মিত বঙ্গবন্ধু, বঙ্গমাতা ফুটবল খেলা হচ্ছে। ক্রিকেট,হকি,ভলিবল সব ধরনের খেলা হচ্ছে।

পুরস্কার বিতরণী অনুষ্ঠানে ৮ নং ওয়ার্ড কাউন্সিলর আশরাফুল হক বাবুর সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন কেন্দ্রীয় যুবলীগের কার্যকরী কমিটির সদস্য মোস্তাফিজুর রহমান মাসুদ,জেলা যুবলীগের সদস্য প্রফেসর মাহাবুল ইসলাম সেলিম,জেলা ক্রীড়া সংস্থার সহসভাপতি এ্যাডভোকট ফিরোজ,সাবেক কাউন্সিলর জাইদুল ইসলাম,সুমন,রুবেল মিয়া প্রমুখ। অনুষ্ঠানটি পরিচালনা করেন সাব্বির আহম্মেদ। খেলাটি পরিচালনা করেন সোহাগ আলী । সহকারী ছিলেন মোমিন ও ননি।

আলমডাঙ্গায় আইনশৃঙ্খলা কমিটির মাসিক সভা অনুষ্টিত

আলমডাঙ্গা উপজেলা প্রশাসনের উদ্যোগে (মাসিক) আইন শৃঙ্খলা কমিটির সভা অনুষ্টিত হয়েছে । আজ বৃহস্পতিবার সকাল ১০ টায় উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে এ সভা অনুষ্ঠিত হয়।

এসময় বুধবার আলমডাঙ্গা সরকারি উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে দুই পক্ষের শিক্ষকের মারামারির ঘটনায় ক্ষোভ প্রকাশ করেছে কমিটির সদস্যরা। এছাড়াও উপজেলার আইনশৃঙ্খলা পরিস্থিতি পূর্বের তুলনায় ভালো হওয়ায় প্রশংসা করেছে উপস্থিত ইউপি চেয়ারম্যানবৃন্দ। এছাড়াও বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা করেছে উপস্থিত উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানবৃন্দ ও পুলিশ প্রশাসন। সার্বিক বিষয় গুলো উপজেলা প্রশাসনের নিকট উপস্থাপন করেন কমিটির নেতৃবৃন্দরা ।

মাসিক আইনশৃঙ্খলা (মাসিক) সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহি অফিসার স্নিগ্ধা দাস। এছাড়াও প্রধান অতিথি ছিলেন উপজেলা পরিষদের ভাইসচেয়ারম্যান সালমুন আহম্মেদ ডন।

তিনি বলেন, পূর্বের তুলনায় বর্তমান আইনশৃঙ্খলা পরিস্থিত অনেকটা ভালো। তবে উপজেলায় মাদক বিক্রেতাদের গ্রেপ্তার না করে, সেবীদের গ্রেপ্তার প্রবণতা দেখা যাচ্ছে। কিন্তু প্রকৃতি মাদক ব্যবসায়ীরা ধরা ছোঁয়ার বাইরে থাকছে। এতে সমাজ থেকে মাদক বন্ধ করা যাবে না। মাদক নির্মূল করা কঠিন। মাদক নিয়ন্ত্রণ করতে যথাযথ গুরুত্বর ভূমিকা গ্রহণ করতে হবে উপজেলা ও পুলিশ প্রশাসনকে।

তিনি আরো বলেন,’ আলমডাঙ্গা সরকারি স্কুলের শিক্ষক শিক্ষকে মারামারি ঘটনাটি বিভিন্ন পত্রিকায় ফলাও করে প্রকাশিত হয়েছে। এটা খুবই দুঃখজনক ঘটনা। বিভিন্ন সময় স্কুল কেন্দ্রীক এমন ঘটনা ঘটে। পরিস্থিতি নিয়ন্ত্রণ করতে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও স্কুলের প্রধান শিক্ষককে কঠোর ভাবে হস্তক্ষেপ করা উচিত।

আলমডাঙ্গা সরকারি উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষক ও শিক্ষকে মারামারির ঘটনায় উপজেলা নির্বাহি অফিসার স্নিগ্ধা দাস প্রথমেই দুঃখ প্রকাশ করে তিনি বলেন, ঐতিহ্যগত স্কুলটিতে কোন শৃঙ্খলা নেই। বিভিন্ন সময় ওই স্কুলের দুই গ্রুপের শিক্ষক কিংবা শিক্ষক ও

স্কুল ছাত্রীদের নিয়ে বিভিন্ন অভিযোগ ওঠে। তবে, দুই পক্ষের শিক্ষকের মারামারির ঘটনায় তদন্ত করে দোষীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের আশ্বাস দেন এই কর্মকর্তা।
এসময় আলমডাঙ্গা উপজেলায় পুলিশের সার্বিক শৃঙ্খলা নিয়ে থানার পরিদর্শক (ওসি) বিপ্লব কুমার নাথ বলেন, আমরা আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে সার্বিক চেস্টা করে যাচ্ছি। ইতিপূর্বে চাইতে আলমডাঙ্গায় অপরাধ প্রবণতা অনেক কমেছে।

মাসিক আইনশৃঙ্খলা সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মারজাহান নিতু, ডাঃ নাজনীন সুলতানা, কৃষি অধিদফতরের কর্মকর্তা রেহানা পারভীন, উপজেলা প্রকৌশলী (এলজিইডি) আরিফুদ্দৌলা।

প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা এনামুল হকের উপস্থাপনায় সভায় স্বাগত বক্তব্য রাখেন উপজেলা প্রানী সম্পদ কর্মকর্তা ডাঃ আব্দুল্লাহিল কাফি, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার শামসুজ্জোহা, ডিপিএইচই আশিবুজ্জামান, ভিডিপির (পরিদর্শক) আজিজুল হাকিম, ডাঃ মঞ্জুরুল হক বেলু, বি-আর ডিবি কর্মকর্তা সায়লা সারমিন, তথ্য আপা কেন্দ্রের কর্মকর্তা স্নিগ্ধা দাস, ইউপি চেয়ারম্যান তরিকুল ইসলাম, আবু সাইদ পিন্টু, আলমডাঙ্গা সরকারি ডিগ্রি কলেজের প্রভাষক ড. মাহবুবুর রহমান, মহিলা কলেজের প্রভাষক সেলিম হোসেন, পৌরসভার কাউন্সিলর খন্দকার মজিবুল হক,উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জিয়াউল হক, ইউপি চেয়ারম্যান আশিকুর রহমান ওল্টু, তাফসির আহম্মেদ লাল, সরোয়ার হোসেন, শাহিনুর রহমান, মখলেছুর রহমান শিলন, শেখ আসাবুল হক মিকা, মাহমুদুল হাসান চঞ্চল, মিনহাজ উদ্দিন, যুব উন্নয়ন কর্মকর্তা আলাউদ্দিন, আলমডাঙ্গা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক হামিদুল ইসলাম আজম, সরকারি উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক রবিউল ইসলাম, বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক মনিরুজ্জামান প্রমুখ।

আলমডাঙ্গার আইলহাঁস ইউনিয়ন আওয়ামীলীগের উদ্যোগে কর্মী সভা অনুষ্ঠিত

আলমডাঙ্গার আইলহাঁস ইউনিয়ন আওয়ামীলীগের উদ্যোগে কর্মি সভা অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার সকাল সাড়ে ১০ টার দিকে আইলহাঁস বাজারে এ কর্মি সভার আয়োজন করা হয়।
কর্মি সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য জেলা আওয়ামীলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন।
প্রধান অতিথির বক্তব্যে ছেলুন জোয়ার্দ্দার ছেলুন বলেন,আওয়ামীলীগ সরকার দেশে যে উন্নয়ন করেছে তা কারো অজানা নেই। এই আইলহাঁস ইউনিয়েনর রাস্তাগুলো দেখেন। এক সময় এখানকার সব রাস্তায় কাঁচা ছিল। আওয়ামী লীগ ক্ষমতায় আসার পর প্রতিটি রাস্তা পাকা হয়েছে। ইউনিয়নের স্কুল গুলোতে বিল্ডিং হয়েছে। বিএনপি-জামায়াতের সময় সন্ত্রাস ছিল,আওয়ামীলীগ ক্ষমতায় আসার পর সন্ত্রাস দমন করা হয়েছে। মানুষ আজ সুখে শান্তিতে বসবাস করছে।
আপনারা যারা দলের কর্মি আছেন আপনারা সাধারণ মানুষের কাছে গিয়ে ভোট চান। ভোট চাওয়ার মত অনেক অর্জন রয়েছে আমাদের। আজকে ৭১এর পরাজিত শত্রুরা, যারা বঙ্গবন্ধুকে হত্যা করেছিল তারা আবারও ষড়যন্ত্র করছে।
তিনি বলেন,জিয়াউর রহমান বঙ্গবন্ধু হত্যার নৈপথ্যের কারিগর। সেই জিয়াউর রহমানের সৃষ্টি বিএনপি। জিয়াউর রহমান ক্ষমতা এসে বঙ্গবন্ধু হত্যার বিচার বন্ধ করে দেয়। আপনাদের বাবা-মাকে হত্যা করা হলে আপনারা যদি আদালতে গিয়ে বিচার না,পান তাহলে কেমন লাগবে? যেদিন বঙ্গবন্ধুকে ঘাতকরা হত্যা করে, সেদিন মানবাধিকার কোথায় ছিল। আজকে মানবাধিকারের কথা বলেন। বিএনপি মানবাধিকার দেখায় আমাদের। আমেরিকা মানবাধিকার দেখাও,পশ্চিমারা মানবাধিকার দেখাও আমাদের। যেদিন বঙ্গবন্ধুকে হত্যা করে আইন করে বিচার বন্ধ করেছিল। সেদিন মানবাধিকার কোথায় ছিল।
আমেরিকা আপনারা বড় দেশ, আপনাদের মত থাকেন, আমাদের উপর লাঠি ঘুরানোর চেষ্টা করেন না।
এমপি ছেলুন জোয়ার্দ্দার বলেন,তৃণমূলের নেতা কর্মিদের ঐক্যবদ্ধ থাকতে হবে। ৭১ সালে আমরা তরুনরা যেভাবে যুদ্ধে ঝাপিয়ে পড়েছিলাম, আজকে ছাত্রলীগ যুবলীগকে প্রস্তুত থাকতে হবে। যে কোন ষড়যন্ত্রের বিরুদ্ধে রুখে দাঁড়াতে হবে।
আইলহাঁস ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি তোফাজ্জৈল হোসেনের সভাপতিত্বে কর্মি সভায় বিশেষ অতিথি ছিলেন জেলা আওয়ামীলীগের সাবেক

যুগ্ম সাধারণ সম্পাদক রিয়াজুল ইসলাম জোয়ার্দ্দার টোটন,জেলা আওয়ামীলীগের সাবেক সাংগঠনিক সম্পাদক মুন্সি আলমগীর হান্নান,এ্যাডভোকেট সামসুজ্জোহা, মাসুদুজ্জামান লিটু বিশ্বাস,সাবেক বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক শহিদুল ইসলাম, শওকত মিয়া, জেলা যুবলীগের সাবেক আহবায়ক আরেফিন আলম রঞ্জু, আব্দুল কাদের, পৌর আওয়ামীলীগের সভাপতি দেলোয়ার হোসেন, উপজেলা আওয়ামীলীগের সাবেক সহসভাপতি বিশিষ্ট ব্যবসায়ী আলহাজ্ব লিয়াকত আলী লিপু মোল্লা, পৌর আওয়ামীলীগের যুগ্ম সম্পাদক সাইফুর রহমান পিন্টু,উপজেলা ভাইচ চেয়ারম্যান সালমুন আহমেদ ডন, সাবেক সাংগঠনিক সম্পাদক আলম হোসেন, মাসুদ রানা তুহিন। ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক জাইদুল ইসলাম বাদলের উপস্থাপনায় আরোও উপস্থিত ছিলেন নাগদাহ ইউপি চেয়ারম্যান এজাজ ইমতিয়াজ বিপুল জোয়ার্দ্দার,খাসকররা ইউপির সাবেক চেয়ারম্যান মোস্তাফিজুর রহমান রুন্নু, সাবেক ছাত্রলীগ নেতা আশরাফুল, হায়াত, বিল্লাহ গনি, হেলা মিয়া, রশীদ, ছাত্রলীগ নেতা বাদসা,রকি প্রমুখ।

আলমডাঙ্গার কামালপুর প্রাথমিক বিদ্যালয়ে সিমানা প্রাচীর কেটে গেট নির্মাণ

আলমডাঙ্গার কামালপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সীমানা প্রাচীর পেছনে পকেট গেট রেখে ব্যক্তিগত রাস্তা করার অভিযোগ উঠেছে। দুটি পরিবার স্কুলের মধ্যে দিয়ে আসা যাওয়া করায় রাত-দিন মেইন গেট খুলে রাখার কারণে, স্কুল প্রাঙ্গণে বেড়েছে উচ্ছৃঙ্খল যুবকদের আনাগোনা । প্রতিষ্ঠানের নিরাপত্তা নিয়েও চিন্তিত শিক্ষকেরা।

স্থানীয়রা জানান, গত ১ বছর পূর্বে প্রাথমিক শিক্ষা অধিদফতরের উদ্যোগে ও উপজেলা প্রকৌশল (এলজিইডির) অর্থায়নে কুমারী ইউনিয়নের কামালপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রাচিল নির্মাণ কাজ শুরু হয় । স্কুলের জমির সিমানা ও শিশুদের শতভাগ সুরক্ষা নিশ্চিতে উপজেলা শিক্ষা অফিস এ প্রাচিল নির্মাণের উদ্যোগ নেয়। ওই বিদ্যালয় পরিচালনা পর্ষদের সভাপতি হিসেবে দীর্ঘদিন দায়িত্বপালন করেন কামালপুর গ্রামের বজলুর রহমান। পৈত্রিক জমি স্কুলে দান করায় দাতা হিসেবে তার পূর্বপুরুষেরাও এই প্রতিষ্ঠানের সভাপতির দায়িত্বপালন

করেছেন। তিনি সভাপতি থাকা অবস্থায় প্রাচীর নির্মাণ কাজ শুরু হয়।

স্থানীয়দের অভিযোগ নিজ ক্ষমতা বলে বিদ্যালয় পরিচালনা পর্ষদের সভাপতি ওই দুটি পরিবারের সদস্যদের যাতায়াতের জন্য পেছনের দিকে একটি পকেট গেইট রেখে দিয়েছে । যা ক্ষমতার অপ ব্যবহার।

পেছনে পকেট গেট রাখার বিষয় প্রতিষ্ঠানের সভাপতি বজলুর রহমান বলেন,আমরা মাসিক মিটিংয়ে বিষয়টি উপস্থাপন করে সকলের মতামতের ভিত্তিতে ব্যবস্থা গ্রহণ করা হবে।

এ ব্যাপরে উপজেলা শিক্ষা অফিসার শামসুজোহা জানান, বিদ্যালয়ের পকেট গেট নির্মাণের কোন সুযোগ নেই। ঠিকাদার প্রতিষ্ঠান ও স্কুল কতৃপক্ষের সাথে কথা বলে ব্যবস্থা নেওয়া হবে।

আলমডাঙ্গায় ১ কেজি গাঁজাসহ যুবক আটক

আলমডাঙ্গা উপজেলায় অভিযান চালিয়ে ১ কেজি গাঁজাসহ সুজন আলী (২৫) নামের এক যুবককে গ্রেপ্তার করেছে পুলিশ। আজ বুধবার বিকেল সাড়ে ৪ টায় তাকে গ্রেপ্তার করা হয়।

গ্রেপ্তারকৃত আসামী হলেন- কুষ্টিয়া জেলার মিরপুর থানার সুতাইল গ্রামের আমজেদ আলীর ছেলে সুজন আলী (২৫)।

পুলিশ জানায়, আলমডাঙ্গা পৌরসভাধীন রেলস্টেশন এলাকায় পুলিশ গোপন সংবাদের ভিত্তিতে মাদক বিরোধী অভিযান চালায়। এ সময় সন্দেহজনক ভাবে সুজন আলী নামের এক যুবককে আটক করে পুলিশ। পরে তার শরীর তল্লাশি চালিয়ে ১ কেজি গাঁজা উদ্ধার করা হয়। ওই সময় গাঁজা রাখার অপরাধে তাকে গ্রেপ্তার করা হয়। পরে তার বিরুদ্ধে আজ বুধবার রাতে মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইনে আলমডাঙ্গা থানায় মামলা হয়েছে।

আগামীকাল বৃহস্পতিবার দুপুরে আদালতে মাধ্যমে জেলহাজতে পাঠানো হবে।

আলমডাঙ্গা স্থানীয় সরকার দিবস উপলক্ষে উন্নয়ন মেলার সমাপনি ও পুরস্কার বিতরনী

আলমডাঙ্গা উপজেলা প্রশাসনের আয়োজনে স্থানীয় সরকার দিবস উপলক্ষে উন্নয়ন মেলা সমাপনি সভা ও পুরস্কার বিতরনী সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বিকেল ৩ টার দিকে উপজেলা মঞ্চে আলোচনা সভা ও পুরস্কার বিতরনী সভা অনুষ্টিত হয়েছে। গতকাল মঙ্গলবার বিকেল ৩ টার সময় আলমডাঙ্গা উপজেলা পরিষদ মঞ্চে, উন্নয়ন মেলা ও পুরস্কার বিতরনী সভায় সভাপতিত্ব করেন আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার স্নিগ্ধা দাস ।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান এ্যাডঃ খন্দকার সালমুন আহমেদ ডন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা সহকারি কমিশনার ভুমি রেজওয়ানা নাহিদ, আলমডাঙ্গা, উপজেলা কৃষি অফিসার রেহেনা পারভীন,উপজেলা প্রানী সম্পদ কর্মকর্তা ডাঃ আব্দুল্লাহিল কাফি,উপজেলা প্রকৌশলী আরিফুদৌলা,,জনস্বাস্থ প্রকৌশলী আব্দুর রশিদ,মেডিকেল অফিসার ডাঃ জাহিদুল ইসলাম,বীর মুক্তিযোদ্ধা মইনদ্দিন পারভেজ,প্রেসক্লাবের সাধারন সম্পাদক হামিদুল ইসলাম আজম।

কলেজিয়েট স্কুলের উপাধ্যক্ষ শামিম রেজার উপস্থাপনায় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন,বিআরডিবি কর্মকর্তা সায়লা শারমিন, সমবায় অফিসার, উপজেলা শিক্ষা অফিসার শামসুজ্জোহা,যুব উন্নয়ন কর্মকর্তা আলাউদ্দিন,মাধ্যমিক শিক্ষা অফিসার জিয়াউল হক, পরিবার পরিকল্পা কর্মকর্তা ডাঃ ফজলুল হক,ইউপি চেয়ারম্যান শেখ আসাদুল হক মিকা,,ইউপি চেয়ারম্যান হাসানুজ্জামান, সোহানুর রহমান সোহান,আশিকুর রহমান ওল্টু,আবু সাইদ পিন্টু,মুন্সি ইমদাদুল হক,,মোজাহিদুর রহমান,মখলেছুর রহমান শিলন,এজাজ ইমতিয়াজ বিপুল,তাফসির আহমেদ লাল,মিনহাজ উদ্দিন বিশ্বাস,আসাদুল হক মিকা,তরিকুল ইসলাম,নজরুল ইসলাম,জেলা ইউপি সচিব সমিতির সভাপতি

চিৎলা ইউপি সচিব মুছাব আলী,সহকারি শিক্ষক বকুল,সহকারি শিক্ষক সীমা সাহা,প্রধান শিক্ষক খন্দকার রাকিবুল ইসলাম,, সহ উপজেলা প্রশাসন কর্মকর্তা কর্মচারী বৃন্দ।সভায় উপজেলা কৃষি অফিস সেরা স্টল হিসেবে ১ম পুরস্কার পান,উপজেলা প্রানী সম্পদ অফিস ও উপজেলা প্রকৌশলী অফিস যৌথ ভাবে ২য় স্থান,এবং উপজেলা শিক্ষা অফিস ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস যৌথ ভাবে ৩য় স্থান অধিকার করেন।

অন্যদিকে ইউনিয়ন পরিষদের মধ্যে চিৎলা ইউনিয়ন ১ম স্থান,খাসকররা ইউনিয়ন ২য় স্থান ও হারদী ইউনিয়ন ও নাগদাহ ইউনিয়ন যৌথ ভাবে ৩য় স্থান অধিকার করায় তাদের সকলকে সম্মাননা ক্রেষ্ট প্রদান করেন অতিথি বৃন্দ।

এছাড়াও মেলায় যে সকল প্রতিষ্টান স্টল দিয়েছে তাদেরকে সান্তনা পুরস্কার দেওয়া হয়,এবং উপজেলা ভাইস চেয়ারম্যান, সহকারি কমিশনার ভুমি,বীর মুক্তিযোদ্ধা মইনদ্দিন পারভেজ,প্রেসক্লাবের সাধারন সম্পাদক হামিদুল ইসলাম ও উপস্থাপক শামিম রেজাকে বিশেষ পুরস্কার ক্রেস্ট প্রদান করা হয়।

আলমডাঙ্গায় ৩দিন ব্যাপি স্থানীয় সরকার দিবস ও উন্নয়ন মেলার উদ্বোধন

আলমডাঙ্গা উপজেলা প্রশাসনের আয়োজনে তিনদিন ব্যাপী জাতীয় স্থানীয় সরকার দিবস উন্নয়ন মেলা-২০২৩’র উদ্বোধন করা হয়েছে।

” সেবা ও উন্নতির দক্ষ রুপকার,উন্নয়নে উন্নয়নে স্থানীয় সরকার” এই প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে আজ রোববার সকাল ১০ টার দিকে উপজেলা মঞ্চ চত্বরে এ মেলার উদ্বোধন করা হয়।

উন্নয়ন মেলা উপলক্ষে শহরে এক বর্ণাঢ্য র্যালি বের করা হয়। শোভাযাত্রা শেষে উপজেলা পরিষদ মঞ্চে উন্নয়ন মেলা সম্পর্কে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় সভাপতিত্ব করেন আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার স্নিগ্ধা দাস । প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান এ্যাডঃ খন্দকার সালমুন আহমেদ ডন। তিনি বলেন বর্তমান সরকার স্থানীয় সরকারকে শক্তিশালি করতে সবরকম কাজ করে যাচ্ছেন,প্রতিটি ইউনিয়ন পরিষদ ভবন কে একটি মিনি সচিবালয়ের মত করে গড়ে তুলেছেন,সেখানে উপজেলার প্রতিটি দপ্তরের অফিস করে দেওয়া হয়ে,গ্রামের সকল মানুষ ইউনিয়ন পরিষদ থেকে সকল রকমের সেবা পাচ্ছেন।তিনি আরো বলেন সম্প্রতি মাননীয় প্রধান মন্ত্রী জননেন্ত্রী শেখ হাসিনা সারা দেশের প্রায় ৮/১০ হাজার জনপ্রতিনিধিদের আমন্ত্রন করে গনভবনে মিটিং করে তাদের কে সম্মানিত করোছেন,তাই আমি মনে করি আপনারা যারা স্থানীয় সরকার তাদের গুরুত্ব কোন অংশে কম নয়।

সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মারজাহান নিতু, আলমডাঙ্গা থানার পরিদর্শক অপারেশন ফরিদ উদ্দিন, উপজেলা কৃষি অফিসার রেহেনা পারভীন,উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা ডাঃ আব্দুল্লাহিল কাফি,উপজেলা প্রকৌশলী আরিফুদৌলা,সমাজ সেবা কর্মকর্তা নাজমুল হোসেন,,জনস্বাস্থ্য প্রকৌশলী আব্দুর রশিদ,সরকারি কলেজের সিনিয়র প্রভাষক ড,মাহবুবুর রহমান,মেডিকেল অফিসার ডাঃ জাহিদুল ইসলাম,বীর মুক্তিযোদ্ধা মইনদ্দিন পারভেজ।

কলেজিয়েট স্কুলের উপাধ্যক্ষ শামিম রেজার উপস্থাপনায় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মহিলা বিষয়ক কর্মকর্তা মাখসুরা জান্নাত, উপজেলা তথ্য অফিসার সিন্ধা দাস,বিআরডিবি কর্মকর্তা সায়লা শারমিন, সমবায় অফিসার,,যুব উন্নয়ন কর্মকর্তা আলাউদ্দিন,, পরিবার পরিকল্পা কর্মকর্তা ডাঃ ফজলুল হক,, ট্রেনিং ইন্সপেক্টর জামাল হোসেন,ইউপি চেয়ারম্যান সোহানুর রহমান সোহান,আশিকুর রহমান ওল্টু,আবু সাইদ পিন্টু,মুন্সি ইমদাদুল হক,হাসানুজ্জামান,মোজাহিদুর রহমান,মখলেছুর রহমান শিলন,এজাজ ইমতিয়াজ বিপুল,তাফসির আহমেদ লাল,মিনহাজ উদ্দিন বিশ্বাস,আসাদুল হক মিকা,তরিকুল ইসলাম,নজরুল ইসলাম, সহ উপজেলা প্রশাসন কর্মকর্তা কর্মচারী বৃন্দ।

উল্লেখ্য জাতীয় স্থানীয় দিবস উন্নয়ন মেলায় আলমডাঙ্গার বিভিন্ন অধিদপ্তরের পক্ষ থেকে ৩৪ টি স্টল নির্মাণ করা হয়েছে। আলোচনা সভার পরে অতিথিবৃন্দ স্টলগুলো পরিদর্শন করেন।

আলমডাঙ্গায় যুগ্ম জেলা ও দায়রা জজ শাহীনের মৃত্যু

ক্যান্সারে আক্রান্ত হয়ে যুগ্ম জেলা জজ আহসান হাবীব মারা গেছেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)। গতকাল শনিবার সকালে রাজধানীর একটি হাসপাতালে তাঁর মৃত্যু হয়। তিনি স্ত্রী ও দুই ছেলে রেখে গেছেন।

আহসান হাবীবের (৪০) মৃত্যুতে গভীর শোক জানিয়েছেন আইনমন্ত্রী আনিসুল হক, আইন ও বিচার বিভাগের সচিব গোলাম সারওয়ার, বাংলাদেশ জুডিশিয়াল সার্ভিস অ্যাসোসিয়েশনের সভাপতি ঢাকা জেলার সিনিয়র জেলা ও দায়রা জজ এইচ এম হাবিবুর রহমান জিন্নাহ এবং সুপ্রিম কোর্ট প্রশাসনসহ বিচার বিভাগীয় কর্মকর্তারা।

গতকাল শনিবার বাদ আসর লালমাটিয়ার স্থানীয় মসজিদে জানাজা শেষে তাঁর মরদেহ চুয়াডাঙ্গার আলমডাঙ্গার বাড়িতে নেওয়া হয়। আজ রোববার সকালে স্থানীয় মসজিদে জানাজা শেষে তাঁর লাশ পারিবারিক কবরস্থানে দাফন করা হবে।